যাদের কথায় মুসলমান দুষ্কৃতীদের প্রশ্রয় ও সাহায্য দিতে হচ্ছে সেই নেতারা আপনাকে বাঁচাবে তো? আপনাদেরও ধন-মান সর্বস্ব খুইয়ে 'কিছুই তো হয়নি, কিছুই তো হয়নি'— এই জপ করতে করতে সাম্প্রদায়িক সম্প্রীতির হাঁড়িকাঠে মাথা গলাতে হবে না তো? যে নেতাদের ভরসায় এ কাজ করছেন—তাদেরই অস্তিত্ব থাকবে তো? যাদের ভরণপোষণের জন্য চাকরীটি সযত্নে বাঁচাবার চেষ্টা করছেন, সেই প্রিয়জনদের আপনার কাছেই রাখতে পারবেন তো? 'পরমধর্মনিরপেক্ষরা' তাদের টেনে নিয়ে যাবে না তো? একবার নিয়ে গেলে কিন্তু আর মুখ ফুটে কিছু বলতে পারবেন না, দেখবেন, আপনার প্রিয়তমা পাশের বাড়িতে এক 'পরমধর্মনিরপেক্ষর' ঘর করতে বাধ্য হচ্ছে, আর আপনি ফ্যাল ফ্যাল করে তাকিয়ে দেখবেন। আপনার প্রতাপ, টাকা, পদাধিকার বা নেতাদের সাথে মাখামাখি সেদিন কোনই কাজে আসবে না। ধানতলা অঞ্চলে হিন্দু গ্রামবাসীরা বলছে, সেখানে গত ছয়মাস ধরে মুসলমানরা ক্রমাগত হিন্দু নারীদের গণধর্ষণ করে চলেছে। এই গ্রামবাসীরা কিন্তু হিন্দুত্ববাদী নয়, বেশীরভাগই বামপন্থী। মনে রাখবেন, উত্তেজনা ছড়ানো এই বই এর উদ্দেশ্য নয়, বরং ন্যায় সঙ্গতভাবে, আইনসঙ্গতভাবে পরিস্থিতির মোকাবিলা করুন। ইসলামিক শাসন থেকে ভারতকে কিভাবে রক্ষা করবেন এবং ধর্মনিরপেক্ষতা ও গণতন্ত্র কিভাবে বজায় রাখবেন, সেই কথা ভাবুন। **'ধর্মনিরপেক্ষতা' মানে মুসলমানকে দিয়ে অবাধে হিন্দু নারী ধর্ষণ করানো নয়।**

সাংবাদিকদের প্রতি

ইসলামিক সন্ত্রাসবাদীদের কার্যকলাপ আপনারা যতটা সম্ভব চেপে যাচ্ছেন, মুসলমানরা কোনও দুষ্কর্মে জড়িত থাকলে দুষ্কৃতীদের নাম বা পরিচয় চেপে যাচ্ছেন, বাংলাদেশের সীমান্তবর্তী জেলাগুলোতে গ্রামে গ্রামে যে হিন্দু-মুসলমানের সংঘর্ষ হচ্ছে সেগুলোকে রাজনৈতিক সংঘর্ষ বলে চালাতে চাইছেন, হেডিং দিচ্ছেন, 'রাজনৈতিক সংঘর্ষে চল্লিশটি বাড়ি ভস্মীভূত, হত কুড়ি, আহত পঞ্চাশ'। মুসলমানরা সংঘবদ্ধভাবে একই রাতে বাসের পর বাস বরযাত্রীদের আক্রমণ করে তাদের সর্বস্ব লুঠ করে, তাদের আড়াই বছর বয়স থেকে ষাট বছর বয়সের সব মেয়েদের নিকটবর্তী মাদ্রাসাতে নিয়ে গিয়ে রাতভর গণধর্ষণ করলে সে ঘটনাকেও সাধারণ ডাকাতি কিংবা সি.পি.এম.-এর অন্তর্দ্বন্দ্ব বলে চালাবার চেষ্টা করছেন, মাদ্রাসাটাকে স্কুল বলে চালাবার চেষ্টা করছেন, বাংলাদেশ থেকে মুসলমানরা সীমান্তবর্তী হিন্দুগ্রাম আক্রমণ করে ব্যাপক লুটপাট ও গণধর্ষণ করলে হেডিং দিচ্ছেন, 'পর পর আটটি বাড়িতে ডাকাতি—শ্লীলতাহানির অভিযোগ'—এসবই করছেন সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষার জন্য, তাই না? এইভাবে সাম্প্রদায়িক সম্প্রীতির সাধনা আর কিছুকাল চালিয়ে গেলেই দেখবেন 'সাম্প্রদায়িক সম্প্রীতি' রক্ষার আর কোনও দরকারই হচ্ছে না, কারণ তখন পশ্চিমবঙ্গে বাংলাদেশের মত ইসলামিক শাসন কায়েম হয়েছে, তখন বাংলাদেশের মতো মুসলমানরা চাইলেই

হিন্দু মেয়েদের তাদের কাছে পাঠিয়ে দিতে হবে, হিন্দুদের প্রতিরোধের কোনও শক্তি থাকবে না, কোনও দাঙ্গাও হবে না, সর্বত্র বিরাজ করবে 'কবরের শান্তি'। আগেও বলেছি, আবারও বলছি, সেদিন কি মুসলমানরা মনে রাখবে কোন কোন হিন্দু সাংবাদিক তাদের হয়ে ওকালতি করেছিল? সেদিন অন্য হিন্দুদের সাথে আপনার বাড়ির মেয়েদেরও টেনে নিয়ে যাবে না তো? প্রতি সপ্তাহে জঙ্গীরা রেল লাইনে নাশকতা করে 'দুর্ঘটনা' ঘটাচ্ছে—আপনারা এবং প্রশাসন সেগুলোকে 'যান্ত্রিক ত্রুটি' বলে চালাতে চাইছেন—সেই রেলে আপনার প্রিয়জন ভ্রমণ করে না তো? আপনি হয়তো ভাবছেন এখন তো সন্ত্রাসবাদীদের স্বার্থসিদ্ধি করে সম্পাদকের মন রেখে হিন্দুস্বার্থ বিরোধী স্কুপ লিখে চাকরীটা বাঁচাই! আর আপনার সম্পাদকবাবুটি ভাবছেন, এখন তো আই. এস.আই-এর কাছ থেকে টাকা নিয়ে এয়ার-কন্ডিশন গাড়িতে ঘুরে নিই—পরে দেখা যাবে। মার্কিন সাংবাদিক ড্যানিয়েল পার্লকে ইসলামিক জেহাদীরা কিভাবে গলা কেটে হত্যা করেছিল, তা জেহাদীরাই ভিডিওতে রেকর্ড করে সব সংবাদ মাধ্যমে পাঠিয়েছে। ইন্টারনেটের কল্যাণে সবাই দেখেছে সে দৃশ্য, শুধু আপনাদের মতো সাংবাদিকরাই বোধহয় সে সংবাদ রাখেন না। এইভাবে সত্যকে অস্বীকার করে মুসলিম তোষণ করে চিরদিন বাঁচা যাবে?

আপনাদের ক্রমাগত সংবাদ বিকৃত করার ফলে কী হয়েছে জানেন? যেখানেই দুষ্কৃতীরা ধরা পড়েছে বা শনাক্ত হয়েছে, অথচ খবরের কাগজে তাদের নাম দেওয়া হয়নি—এটা দেখলেই জনগণ ধরে নিচ্ছে এটা মুসলমানদের কাজ। এতে মুসলমানদের প্রতি অবিচার হচ্ছে না কি? যেসব মুসলমান 'জেহাদ' সমর্থন করে না বলে দাবী করেন, ঐ সব জেহাদী দুষ্কর্মের নিন্দা করার তো তাদেরও একটা সুযোগ দেওয়া উচিত। যেটা নিন্দনীয় কাজ—হিন্দু-মুসলমান, সবাই সেটা নিন্দা করবে—সেটাই তো একটা সুস্থ সমাজের লক্ষণ। তা না করে আপনারা কেন ভাবছেন যে মুসলমানদের দ্বারা কৃত দুষ্কর্মগুলো প্রকাশ হয়ে পড়লে মুসলমানরা রেগে গিয়ে দাঙ্গা করবে? হিটলারের দুষ্কর্ম তো জার্মানির ইতিহাস বইতে চেপে যাওয়া হয় না, জার্মান ও ইহুদী উভয় জাতিই তা সমানভাবে নিন্দা করে; তবে কেন মুসলমান নবাব-বাদশাদের অমানুষিক দুষ্কর্ম মুসলমানরা নিন্দা করবে না? 'ব্যতিক্রম' নিশ্চয় আছে, কিন্তু মুষ্টিমেয় ব্যতিক্রম দিয়ে জগত সংসার চলে না। যারা মুসলমানদের জন্য মাদ্রাসার আলাদা শিক্ষা ব্যবস্থা মেনে নিয়েছে, দেশে মুসলমানদের জন্য আলাদা আইন করে তাদের বহু বিবাহের ব্যবস্থা করেছে—তারাই হল 'ধর্মনিরপেক্ষ', আর যারা জাতি ধর্ম নির্বিশেষে সকলের জন্য একই আইন প্রবর্তন করতে চাইছে—তারা হল 'সাম্প্রদায়িক'। রবীন্দ্রনাথ তাঁর 'স্বামী শ্রদ্ধানন্দ' প্রবন্ধে বলে গেছেন এই 'বিপরীত বুদ্ধি' বা 'উল্টো- পুরানই হল সব সর্বনাশের মূল।

"তুমি মহারাজ সাধু হলে আজ, আমি আজ চোর বটে।"

মহামান্য বিচারপতিদের প্রতি

মহামান্য বিচারপতিগণ, আপনারাই এখন ভারতবর্ষের শেষ ভরসাস্থল। তাই ভারতের পঁচাশি কোটি হিন্দুর অধিকার রক্ষার জন্য শেষ আশ্রয় হিসাবে আপনাদের কাছে কয়েকটি বিনীত নিবেদন রাখছি।

কয়েক বছর আগে সংবাদপত্রে পড়েছিলাম, যে কোনও রকম নির্বাচনী প্রচারে 'হিন্দুর' নাম নিয়ে কোনও প্রচার করা নির্বাচন কমিশন নিষিদ্ধ ঘোষণা করেছে। বিভিন্ন হিন্দু রাজনীতিকগণ তাঁদের নির্বাচনী প্রচারে 'হিন্দু' শব্দ উল্লেখ করে ফেলার জন্য তাঁদের অভিযুক্ত করা হয়, দীর্ঘদিন বিচার চলে। পরিশেষে রায় বের হয়—'হিন্দুত্ব' শব্দ সাম্প্রদায়িক নয়, হিন্দুত্বের কথা বললে দোষ নেই। আচ্ছা মহামান্য বিচারপতিগণ, আমার কি একথা জিজ্ঞাসা করার অধিকার আছে যে, হিন্দু শব্দ উচ্চারণ করলে কিংবা ভারতের পঁচাশি কোটি মানুষ যে সম্প্রদায় ভুক্ত সেই 'হিন্দু সম্প্রদায়ের, স্বার্থরক্ষা করার জন্য নির্বাচনী প্রচার করলেই বা তা দোষের হবে কেন? **মহামান্য বিচারপতিদের কি মনে হয় না যে এইভাবে পঁচাশি কোটি হিন্দুর স্বার্থের কথা বলা নিষিদ্ধ করে হিন্দুদের কার্যত দ্বিতীয় শ্রেণীর নাগরিকে পরিণত করা হয়েছে, ছিনিয়ে নেওয়া হয়েছে তাদের বাক্-স্বাধীনতা, রুদ্ধ করা হয়েছে তাদের স্বার্থ রক্ষার গণতান্ত্রিক অধিকার।** আমরা তো সংসদে আমাদের স্বার্থরক্ষা করার জন্যই জনপ্রতিনিধিদের নির্বাচিত করে পাঠাই, তাই না, মহামহিম? সব জাতিগোষ্ঠী, ধর্মগোষ্ঠী, যে কোন সম্প্রদায়—সবারই তো নিজের নিজের স্বার্থরক্ষার জন্য সংসদে প্রতিনিধি পাঠাবার অধিকার আছে, তাই না? তবে পঁচাশি কোটি হিন্দুর, হিন্দু হিসাবে তাদের স্বার্থ রক্ষা করা বা তার জন্য সংসদে উপযুক্ত প্রতিনিধি পাঠাবার অধিকার কেন থাকবে না, মহামহিম? নির্বাচনী প্রচারে যদি 'হিন্দুস্বার্থর' কথা না বলা যায় তবে হিন্দুর স্বার্থ কিভাবে রক্ষা হবে মহামহিম?

আমাদের প্রাত্যহিক অভিজ্ঞতা থেকে দেখছি মুসলমান সম্প্রদায় কিন্তু সমস্ত নির্বাচনী প্রচারে মুসলমান-স্বার্থের কথা খোলাখুলি আলোচনা করে, মুসলমান-স্বার্থের কথা বলে ভোট চায়। নির্বাচন কমিশন কিংবা কোনও আদালতকে এব্যাপারে আপত্তি করতে শুনেছেন, মহামহিম?

হিন্দুস্বার্থের নামে ভোট চাওয়া যাবে না—এইমর্মে যদি কোনও আদালত আদেশ দিয়েও থাকেন, সেই আদেশ কেন পরিবর্তন করা যাবে না, মহামহিম? আমরা তো প্রতিনিয়ত দেখছি আদালতের আদেশ উচ্চতর আদালতে খারিজ হয়ে যাচ্ছে; সেই আদেশও আরোও উচ্চ আদালতে পাল্টে যাচ্ছে। সুপ্রীম কোর্টের আদেশ, সুপ্রীম কোর্টেরই আরেক বেঞ্চে পাল্টে যাচ্ছে। এগুলি কি প্রমাণ করে না যে বিচারপতিরাও সর্বদা অভ্রান্ত নন? পঁচাশি কোটি হিন্দুর সাংবিধানিক অধিকার যদি কোন নির্বাচন কমিশন কিংবা কোনও আদেশে [illegible] করা হয়, সেই আদেশটির সমালোচনা করার অধিকার আমাদের কেন

থাকবে না, **মহামহিম? এতে কি আদালত** অবমাননা **হবে, মহামহিম?** আযানে মাইক ব্যবহারের বিরুদ্ধে **কলিকাতা হাইকোর্টের** রায় বের হবার পর **বহু মুসলমান** নেতা কি প্রকাশ্যে সেই রায়ের **সমালোচনা করেনি, মহামহিম? তাদের কজনকে আদালত** অবমাননার দায়ে অভিযুক্ত করে **দণ্ড দেওয়া হয়েছে, মহামহিম? শাহবানুর কেসে সুপ্রীম** কোর্টের রায় বের হবার পর এবং এ বিষয়ে **সংবিধান সংশোধন করার পূর্বে বহু মুসলমান** নেতা কি প্রকাশ্যে **অশালীন** ভাষায় সুপ্রীম কোর্টের **নিন্দা করেনি, মহামহিম? জনতাদলের** মুসলমান নেতা ওবেদুল্লা খান আজমী কি সুপ্রীম **কোর্টের উদ্দেশ্যে বলেনি,** 'তো উসে ভি হাম জুতে কী নোক পর রাখ দেঙ্গে?' (টাইমস্ অফ **ইন্ডিয়া, দিল্লী, ২৭-৩-৯০)** তাদের কতজন আদালত অবমাননার দায়ে সাজা পেয়েছে, **মহামহিম?**

মকবুল ফিদা হুসেন সরস্বতীর নগ্ন ছবি আঁকলে সব মহলেই এটাকে **মতপ্রকাশের** স্বাধীনতা, শিল্পের স্বাধীনতা বলে মেনে নেওয়া হয়েছিল। এ বিষয়ে **হুসেনের বিরুদ্ধে** যে মামলা হয়েছিল, আদালত তাঁর রায় দিয়েছেন কিনা, কিংবা দিয়ে থাকলে **কি রায়** দিয়েছেন, তা আমি জানতে পারিনি, কিন্তু হুসেন যে একের পর এক হিন্দু দেব-দেবীর নগ্ন ছবি এঁকেছেন, এটা সর্বজনবিদিত। কিন্তু ব্যাঙ্গালোরের এক শিল্পী, মকবুল ফিদা হুসেনের নগ্ন ছবি এঁকে প্রকাশ করলে মহামান্য আদালত কিন্তু সেটাকে শিল্পের স্বাধীনতা বলে মেনে নেননি, শিল্পীকে জেল ও জরিমানা দুই-ই করা হয়েছিল। **এই ঘটনা হিন্দু জাতির পক্ষে যে ভয়াবহ তাৎপর্য বহন করে তা আমি উল্লেখ করলে আমাকে কি কোনও দন্ড দেওয়া হবে, মহামহিম? এ ঘটনার থেকে যদি হিন্দুরা নিজেদের আদালতের চোখে তৃতীয় শ্রেণীর নাগরিক বলে মনে করে, তবে তাদের কি দোষ দেওয়া যাবে, মহামহিম?** আমরা আজ দেখতে পাচ্ছি যে সব বিচ্ছিন্নতাবাদী রাজনীতিক ও সন্ত্রাসবাদীরা শত শত খুন করেছে এবং যখন তখন রক্ত গঙ্গা বইয়ে দেবার হুমকি দেয়, সরকার তাদের অভিযুক্ত করতে অক্ষম হয়ে তাদের সাথে আলোচনা করতে পারলে নিজেকে ধন্য মনে করে। এ-বিষয়ে মহামান্য বিচারপতিরা কখনও কোনও মত প্রকাশ করেছেন কি? **জনগণ যদি ধরে নেয় যে, যারা শতাধিক খুন করে, তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়ার ক্ষমতা শাসনবিভাগ বা বিচারবিভাগের নেই, তবে তাদের আদালত অবমাননার দায়ে দণ্ড দিয়ে বিচারবিভাগের মর্যাদা রক্ষা করা যাবে কি, মহামহিম?**

এইভাবে বাক্-স্বাধীনতা হারিয়ে, নির্বাচনী প্রচারে নিজেদের স্বার্থের কথা বলার অধিকার হারিয়ে এবং প্রতিনিয়ত সরকারের কাছে ইসলামিক সন্ত্রাসবাদীদের আদর দেখে ভারতীয় হিন্দুরা যদি ভাবে শত শত খুন করাই সরকারের কাছে আদরণীয় হবার একমাত্র উপায়, তবে তাদের খুব দোষ দেওয়া যাবে কি, মহামহিম?

একজন মুসলমান বিচারপতি নিজে চারটি বিবাহ করেও একজন হিন্দু পুরুষকে দুটি বিবাহ করার জন্য দণ্ড দিতে পারেন—এই রকম একটি বিচার ব্যবস্থার জন্য

খুব গৌরব বোধ করেন কি, মহামহিম? যে দেশে দুটি সম্প্রদায়ের জন্য দুরকম আইন প্রচলিত, সেই দেশকে ধর্মনিরপেক্ষ বলা যায় কি, মহামহিম?

মহামান্য বিচারপতিরা একবার ভাবুন যে দেশে মুসলমানদের জন্য চাকুরী সংরক্ষণ, জমি সংরক্ষণ, এমনকি সংসদে আসন সংরক্ষণের ইস্যুগুলো ঘিরেই রাজনীতি আবর্তিত হচ্ছে সেই দেশে হিন্দুরা যদি নির্বাচনী প্রচারে হিন্দু-স্বার্থের কথা না বলতে পারে, তাহলে সেইদেশে হিন্দুরা অচিরেই রাজনৈতিক অস্তিত্ব হারিয়ে তৃতীয় শ্রেণীর নাগরিকে পরিণত হবে না কি, মহামহিম? ভারত কি সেই পথেই অগ্রসর হচ্ছেনা, মহামহিম?

বহু ক্ষেত্রে দেখা গেছে কোনও মুসলমান বা খ্রিস্টান আক্রান্ত হলে বিচার বিভাগ নিজেই স্বতঃপ্রবৃত্ত হয়ে বিচার বিভাগীয় তদন্ত করতে এগিয়ে এসেছে। কিন্তু কাশ্মীরে হিন্দু পণ্ডিতরা যখন একের পর এক আক্রমণের শিকার হয়, সেখানকার সরকারের প্রশ্রয়ে বিচার বিভাগ কি কোনও দিনও স্বতঃপ্রবৃত্ত হয়ে তদন্ত করেছে? ২০০৩ সালে পশ্চিমবঙ্গের নদীয়া জেলার আইসমালি অঞ্চলে পুলিশ ও প্রশাসনের প্রশ্রয়ে মুসলমানরা যে হিন্দুনারীদের গণধর্ষণ করে চলেছে, এ ব্যাপারেই বা বিচারবিভাগের ভূমিকা কী, তা জানতে চাইলে আমার কি অপরাধ হবে, মহামহিম?

আচ্ছা মহামান্য বিচারপতিগণ, কোরানকে যেহেতু ধর্মগ্রন্থ হিসাবে স্বীকৃতি দেওয়া হয়েছে, তাহলে কোরান নির্দেশিত পথে মুসলমানদের দ্বারা সমস্ত পৌত্তলিক হিন্দুদের হত্যা করার অধিকারই স্বীকার করা হচ্ছে না কি? সাধারণ মানুষ বলতে পারে—'এসব কোরানের অপব্যাখ্যা', কিন্তু মহামান্য ও প্রাজ্ঞ বিচারপতিগণ কি একথা বলে দায়িত্ব এড়িয়ে যেতে পারেন? মহামান্য বিচারপতিরাও যদি বলেন, এসব কোরানের অপব্যাখ্যা, তাহলে, আসল ব্যাখ্যাটি কি—তা হিন্দুরা বিচারপতিদের কাছেই জানবার আশা করবেন। আর যদি কয়েক কোটি মুসলমান ঐ তথাকথিত 'অপব্যাখ্যাটিকে' আসল ব্যাখ্যা হিসাবে ধরে নিয়ে নির্বিচারে হিন্দুদের হত্যা করতে থাকে—যা তারা বাস্তবে করে চলেছে—তবে হিন্দুদের আত্মরক্ষা করার সাংবিধানিক অধিকার আছে কি, মহামহিম? সরকার যে হিন্দুদের রক্ষা করতে অনিচ্ছুক ও ব্যর্থ—এটা প্রমানিত সত্য নয় কি, মহামহিম?

মাত্র দুই দশক আগে কোরানকে নিষিদ্ধ করার জন্য কলিকাতা হাইকোর্টে যে মামলা হয়েছিল তা আমি মহামান্য বিচারপতিদের স্মরণ করিয়ে দিতে চাই এবং ঐ মামলার বিস্তারিত বিবরণ মহামান্য বিচারপতিদের পড়ে দেখার আবেদন জানাই। দিল্লীর ভয়েস অফ ইন্ডিয়া, 'ক্যালকাটা কোরান পিটিশন' নামে সীতারাম গোয়েলের লেখা একটি বইতে এই মামলার বিস্তারিত বিবরণ দিয়েছে।

অযোধ্যায় রাম মন্দিরের মামলা আজ বহু দশক হল আদালতের বিচারাধীন, বিচারাধীন বিষয় নিয়ে নাকি আদালতের শুনানির বাইরে কেউ কথা বলতে পারবে না। সত্যিই

কি এরকম আইন আছে, মহামহিম? সংসদে সেটা আলোচনা না করার বিধি আছে, জানি, কিন্তু মহামান্য বিচারপতিগণ একটু দয়া করে জানাবেন কি যে ভারতীয় সংবিধানের কোন ধারাতে আছে যে সাধারণ জনগণ সংসদের বাইরে বিচারাধীন কোনও বিষয় নিয়ে আলোচনা, সমালোচনা বা মত প্রকাশ করতে পারবে না? মহামান্য বিচারপতিদের কি কোনও সন্দেহ আছে যে অযোধ্যাতে একটি সুপ্রাচীন রাম মন্দির ছিল যা জহীরুদ্দিন মহম্মদ বাবর নামে এক দুর্বৃত্ত ধ্বংস করে একটি মসজিদ তৈরী করেছিল এবং লক্ষ লক্ষ হিন্দু সেই মন্দির রক্ষার জন্য প্রাণ দিয়েছে এবং দিয়ে চলেছে? এই ঘটনার সপক্ষে যথেষ্ট তথ্য প্রমাণ কি মহামান্য আদালতের এজলাসে জমা পড়েনি? এই ভয়াবহ বিলম্বিত বিচার কি অবিচারের নামান্তর নয়, মহামহিম? আচ্ছা, মহামান্য বিচারপতিগণ, হিন্দুদের কোনও ধর্মস্থান যদি মুসলমানরা জোর করে দখল করে তাদের মসজিদ করে ফেলে, তবে সেই ধর্মস্থানের উপর হিন্দুদের সমস্ত দাবী কি শেষ হয়ে যায়, মহামহিম? যদি শেষ না হয়ে যায়, তবে অযোধ্যার রাম মন্দির হিন্দুদের ফিরিয়ে দেওয়া হোক। আর যদি বলেন, হিন্দুদের ধর্মস্থান মুসলমানরা দখল করলে, হিন্দুদের আর কোনও দাবী থাকে না, তবে সেই ধর্মস্থান হিন্দুরা গায়ের জোরে পুনরুদ্ধার করলে মুসলমানদেরও ঐ স্থানের উপর আর দাবী থাকা উচিত নয়, তাই না মহামহিম?

এ-বিষয়ে আরেকটি তৃতীয় সম্ভাবনা আছে, মহামহিম। মহামান্য আদালত হয়তো অযোধ্যার রাম মন্দিরের উপর হিন্দুদের দাবীই স্বীকার করেন, কিন্তু মুসলমান সমাজের তীব্র প্রতিক্রিয়ার আশংকায় ও সরকারের চাপে হয়তো রায় দানে বিলম্ব হচ্ছে। বহু ইতিহাস, বহু সাম্প্রতিক ঘটনা চেপে যাওয়া হচ্ছে এই আশংকায় যে ঐ ঘটনা প্রকাশ পেলে মুসলমানরা রেগে গিয়ে দাঙ্গা করবে। কিন্তু মহামহিম, 'সাম্প্রদায়িক সম্প্রীতির স্বার্থে' এইসব ঘটনা, ইতিহাস চেপে না গিয়ে দাঙ্গাকারীদের দমন করাটাই সরকারের কর্তব্য নয় কি? **একটি গোষ্ঠী যখন তখন দাঙ্গা করবে—এই ভয়ের দ্বারা ব্ল্যাকমেল হয়ে যাবতীয় সরকারী কার্যকলাপ যদি নিয়ন্ত্রিত হয়, হিন্দুদের উপর একের পর এক গণধর্ষণের ঘটনা যদি চেপে যেতে হয়, ভারতের নানা অঞ্চল থেকে হিন্দুদের যদি নিঃশব্দে উৎখাৎ হতে হয়, এবং এসবের যদি কোনও প্রতিকার না থাকে তবে মহামান্য বিচারপতিরা ঘোষণা করুন যে 'ভারতে ইসলামিক শাসন কায়েম হয়েছে—এখানে হিন্দুদের কোনও অধিকার নেই'। সাধারণ মানুষ না বুঝলেও মহামান্য বিচারপতিরা নিশ্চয় অবগত আছেন যে, কোনও দেশে কারা সংখ্যাগুরু এবং কারা সংখ্যালঘু তাতে কিছু এসে যায় না; ইতিহাসে অজস্রবার দেখা গেছে দুর্দান্ত প্রকৃতির সংখ্যালঘুরাই সংখ্যাগুরুদের অধীনস্থ করে রেখেছে; জীব-জগৎও এর ব্যতিক্রম নয়। সুতরাং ভারতে হিন্দুরা সংখ্যাগুরু বলে তাদের মিথ্যা আত্মশ্লাঘায় ভুগতে না দিয়ে ভারতে তাদের প্রকৃত অবস্থান কী তা আপনারা জানিয়ে দিন।**

সংযোজন — ১

সংবিধানে যতদিন ব্যক্তিগত আইনের বিষবৃক্ষ থাকবে ইমরানাদের মিছিল ক্রমশ বেড়েই চলবে

গিয়াসুদ্দিন (পেশায় শিক্ষক)

উত্তরপ্রদেশের ইমরানা বেগম ধর্ষিতা হইয়া সংবাদের শিরোনামে উঠিয়াছেন। পুরুষতান্ত্রিক সমাজে নারী ধর্ষিতা হইবে— এ আর এমন কী। নারী তো জন্মায় ধর্ষিতা হইবার জন্যই। কিন্তু এক্ষেত্রে একটু বেশি হৈ চৈ (প্রতিবাদ কই?) পড়িয়াছে, কারণ ধর্ষক কোনও সাধারণ দুস্কৃতী নহে, ধর্ষক স্বয়ং তাঁহার পিতৃসম শ্বশুর মহম্মদ আলি নামক একজন মানব জন্তু যাহাদের মা - মাসি চিনিতে নাই । বাংলা ভাষায় যে শব্দগুলি মানুষের মনে ঘৃণা ও ক্রোধের জন্ম দেয় 'ধর্ষণ' তাহাদের একটি কিন্তু নারী যখন পিতৃসম শ্বশুর কিম্বা পিতার কাছে (পিতার কাছেও কন্যা ধর্ষিতা হয় এই সমাজে) ধর্ষিতা হয় তখন 'ধর্ষণ' 'শব্দটি' অতিমাত্রায় ঘৃণা ও ক্রোধের কারণ হয়। আমার ক্ষেত্রে দুঃখের বিষয় এই যে, ধর্ষক মহম্মদ আলির বীভৎস অপরাধের বিরুদ্ধে নিন্দা, ঘণা, ক্রোধ ও প্রতিবাদ প্রকাশ করিবার সাধ্য আমার নাই। যাঁহারা পারেন, কী কারণে তাঁহারাই জানেন, তাঁহারা নীরবতা পালন করিতেছেন। তাই দু-এক কথা গুছাইয়া লিখিবার ক্ষমতা নাই জানিয়াও উক্ত পৈশাচিক ঘটনার প্রতিবাদ জানাইতে এই নিবন্ধের প্রয়াস।

ইমরানা ধর্ষিতা হইয়াছে, ধর্ষক শ্বশুরের বিচার আদালত যা ভাল বুঝিবেন কবিবেন— ব্যাপারটি যদি এই খাতে প্রবাহিত হইত তাহা হইলে অতি বিচলিত না হইলেও হয়তো চলিত। কিন্তু বিষয়টি জানাজানি হইবার পর এবং জঘন্যতম অপরাধী মহম্মদ আলিকে পুলিশ গ্রেপ্তার করিবার পর যে সব ঘটনা একটার পর একটা ঘটিতেছে তাহা ভীষণ উদ্বেগের কারণ হইয়া উঠিয়াছে । কোরান- হাদিস হস্তে ধারণ করিয়া আসরে নামিয়া পড়িয়াছে, ইসলামের ধারক মানসম্ভ্রমকে ধর্ষণ করিতেছে। প্রসঙ্গত উল্লেখ্য যে, আমাদের তথাকথিত ধর্মনিরপেক্ষ রাষ্ট্রের সংবিধানে ধর্ম সম্প্রদায়ের ব্যক্তিগত আইনের কালা অধ্যায়টি এখনও বিদ্যমান। কিন্তু ধর্ষণ সংক্রান্ত অপরাধের বিষয়টি মুসলিম ব্যক্তিগত আইনের সীমানার অন্তর্ভুক্ত নহে। তথাপি গায়ের জোরে মুফতি মাওলানারা নিজেদের সীমানা অতিক্রম করিয়া বসিয়া আছেন। অবশ্য কাজীর আদালতের অপেক্ষা না করিয়া গ্রাম্য পঞ্চায়েত বিচার করিয়া রায় ঘোষণা করিয়াছে— অতঃপর স্বামী নুর ইলাহির সঙ্গে ইমরানার বিবাহবন্ধন রহিত হইয়া গিয়াছে। ফতোয়ার আরও দুটি দিক হইল। (এক) ইমরানাকে অতপর তাঁর ধর্ষক শ্বশুরকেই স্বামীরূপে গ্রহণ করিতে হইবে এবং (দুই) যে নুর এলাহির ঔরসে ইমরানা পাঁচটি সন্তানের জন্ম দিয়েছেন তাহাকেই সন্তানরূপে বরণ করিতে হইবে। শ্বশুর মহম্মদ আলি কন্যাসমা পুত্রবধূকে ধর্ষণ করিয়া যে অপরাধ করিয়াছেন, গ্রাম্য পঞ্চায়েতের কাজীর ফতোয়া তাহার চেয়েও যে জঘন্যতম তাহা বলা বাহুল্য। আর এই ঘৃণ্যতম ফতোয়াকে সমর্থন জানাইয়াছেন দেওবন্দি কোরান-হাদিস বিশারদ মুফতিগণ। কাজীদের এই বিচারই প্রমাণ করে ইসলামে নারীর অধিকার আদৌ আছে কি না [illegible] নারীকে ন্যূনতম মান-সম্ভ্রম দিতে ইসলাম কত অপারগ।

যে অসহায় নারী শ্বশুরের আদিম পাশবিক কামনার শিকার হইল, কোরান-হাদিসের বিচারে সেই নারীকেই দণ্ডিত হইতে হইল। তাঁহাকে স্বামীর ঘর হইতে নির্বাসিত করা হইয়াছে, এবং তিনি এখন পিতৃগৃহে অন্তরীণ হইয়াছেন। বিচারকগণ ধর্ষককে শাস্তিদানের বদলে তাহারই স্ত্রীরূপে ইমারানাকে সমর্পিত করিবার বিধান দিয়া পুরস্কৃত করিল। শুধু ফতোয়া দিয়াই কার্য সম্পাদন করে নাই, তড়িঘড়ি কাজীর আদালত গঠন করিয়া উক্ত ফতোয়া কার্যকরী করিতে উদ্যোগী হইয়াছে। সেই আদালতে ইমারানা প্রথমবার হাজির হন নাই ঠিকই, কিন্তু প্রথমে ফতোয়ার বিরুদ্ধাচরণ করিলেও প্রচণ্ড চাপে পড়িয়া শেষ পর্যন্ত ফতোয়ার পক্ষেই সম্মতি দিয়াছেন। বুঝিতে অসুবিধা হয় না, অতঃপর শ্বশুরের সহিত ইমরানা পরিণয়সূত্রে আবদ্ধ হইতে বাধ্য হইবেন এবং কাজী ও মুফতির দল কুখ্যাত ও ঘৃণ্যতম মানবজন্তুটিকে ফৌজদারি মোকদ্দমা হইতে যুক্ত করিয়া আনিবেন। তারপর ইমরানা আমৃত্যু তাঁর জানোয়ার শ্বশুরটির কাছে ধর্ষিতা হইতে থাকিবেন। এই কাজটি যে খুব কঠিন হইবে না তাহা উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী স্পষ্ট কবিয়া দিয়াছেন। তিনি বলিয়াছেন, দারুল উলুমের ধর্মীয় নেতারা পণ্ডিত, মুসলিম সমাজের ভাবাবেগ বোঝেন, ভেবেচিন্তে ফতোয়া দিয়েছেন। হায়রে ক্ষমতা! হায়রে রাজনীতি!

মুসলিম সমাজের একটি ক্ষুদ্র অংশ যাহারা কিঞ্চিৎ শুভবুদ্ধি অর্জন করিয়াছেন কিন্তু কোরান-হাদিস যাহাদের শেষ কথা তাহারা যেন একটু লজ্জিত। উহারা ক্ষীণকণ্ঠে বিশেষজ্ঞের মত ব্যক্ত করিয়াছেন— এই ফতোয়া ইসলামের ন্যায়বিচারকে সমর্থন করে না। আহারে! ইসলাম কত মহান! এই জীবগুলো আরও ভয়ঙ্কর। কুৎসিত দিকগুলো বাক্যের ধুম্রজালে আড়াল করিয়া ধর্মকে মহানরূপে তাহারা পরিবেশন করিয়া মানুষের সঙ্গে তঞ্চকতা করেন। ধর্ষিতাকে দণ্ডপ্রদান ও ধর্ষককে পুরষ্কৃত করিবার ফতোয়া এই সমাজে তীব্র ক্ষোভ ও বিবমিষা উদ্রেক করিলেও কোরানে তাহার প্রচ্ছন্ন সমর্থন রহিয়াছে। কোরানের বিচারে নারী শস্যক্ষেত্র স্বরূপ (সুরা বাক্কাহার, আয়াত দুই শত তেইশ)। শস্যক্ষেত্র তো উৎপাদন করিবার নিমিত্ত সম্পত্তি মাত্র। সম্পত্তি মানেই উহার একজন মালিক থাকিবে এবং উহা সর্বদা হস্তান্তর যোগ্য। সুতরাং ইমরানা এতদিন নুর ইলাহির সম্পত্তি ছিল, অতঃপর নুর ইলাহির পিতার সম্পত্তি হইবে। এতদিন নুর ইলাহি ইমরানাকে আবাদ করিয়া পাঁচটি সন্তান উৎপাদন করিয়াছেন, অতঃপর নুরের পিতা সেই ইমরানা নামক শস্যক্ষেত্রটির সদ্ব্যবহার করিবেন, ইহা এমন আব কী!

মুফতিগণ নিশ্চয় মহম্মদের (শেষ নবী!) জীবনের একটি ঘটনায় প্রভাবিত হইয়া থাকিবেন। মহম্মদ স্বয়ং তাঁহার সুন্দরী পুত্রবধূ জয়নাবের বিবাহ দিয়াছিলেন তাঁহার পালিত পুত্র জায়েদের সহিত। কিছুদিনের মধ্যেই মহম্মদের সহিত পুত্রবধূ জয়নাবের প্রণয়ের সঞ্চার হইল। কিন্তু বাধ সাধিল লোকলজ্জা। লোকাপবাদ কাটাইতে তিনি আল্লার বিধান (প্রত্যাদেশ) আনিলেন এবং জায়েদকে বলিলেন জয়নাবকে তালাক দিতে। জায়েদ তখন জয়নাবকে তালাক দিল, মহম্মদ তারপর জয়নাবকে বিবাহ করিয়া মনের অভিলাষ পূর্ণ করিলেন। কৌতুহলী ও সংশয়ী পাঠক (সুরা আহযাবের সাঁইত্রিশ নম্বর আয়াতটি দেখুন) সেইখানে আছে, '....তুমি তাকে (জায়েদ) বলেছিলে, তুমি তোমার স্ত্রীকে ত্যাগ করো না, আল্লাহকে ভয় করো। তুমি তোমার অন্তরে যা গোপন করেছিলে, আল্লাহ তা প্রকাশ করে দিচ্ছেন, তুমি লোকভয় করেছিলে অথচ আল্লাহ্‌কে ভয়করা তোমার অধিকতর সঙ্গত। অতঃপর জায়েদ

যখন তার (জয়নাব) সাথে বিবাহ বিচ্ছিন্ন করিল, তখন আমি তাকে (জয়নাব) তোমার সাথে বিবাহ-সূত্রে আবদ্ধ করলাম।' মহম্মদের ব্যক্তিগত জীবনের এই কর্মটি হইতে আলোকপ্রাপ্ত হইয়া যদি দারল উলুম মাদ্রাসার (দেওবন্দ) মুফতিগণ উক্ত ঘৃণ্য ফতোয়াটিকে সমর্থন জানাইয়া থাকেন তবে তাহাদের খুব দোষ দেওয়া যায় না। কারণ তাহাদের জন্ম ভুলবশত বিংশ শতাব্দীতে হইয়া এবং আমাদের দুর্ভাগ্য তাহারা একবিংশ শতাব্দীর মানুষ, কিন্তু তাহারা তো পড়িয়া আছেন সেই ৬ষ্ঠ-৭ম শতাব্দীর অন্ধকার যুগেই। কিন্তু মুশকিল হইল যে, সেই অন্ধকার যুগে যা ছিল স্বাভাবিক এই একবিংশ শতাব্দীতে তা তো ভয়ানক কুৎসিত, বীভৎস ও বর্বর ঘটনা। এই যুগে এইসব ঘটনাতো সহ্য করা যায় না, চলিতেও দেওয়া যায় না। এর প্রতিকারের ব্যবস্থাতো করিতে হইবে। কিন্তু প্রতিকার কোন পথে হইবে? একটি নিবন্ধে তাহা আলোচনা সম্ভব নহে। প্রতিকারের জন্য সবচেয়ে জরুরি এবং সর্বাগ্রে জরুরি যে কার্যটি করা দরকার সেই বিষয়েই একটু আলোচনা করিয়া লেখাটি শেষ করিব। অনেকেই ইমরানাদের ওপর পাশবিক অত্যাচারের ঘটনাকে সামাজিক ব্যাধি বলিয়া ভাবেন। কিন্তু ইহা ব্যাধি নহে, ব্যাধির লক্ষণ মাত্র। ব্যাধি নিহিত আছে পুরুষতান্ত্রিক সমাজে এবং অবশ্যই আমাদের সংবিধানে। সংবিধানে বিভিন্ন ধর্মসম্প্রদায়ের যে ব্যাক্তিগত আইন আছে সেইখানেই কাজী ও মুফতির সকল শক্তি নিহিত আছে। মুসলিম ব্যক্তিগত আইনের জোরেই মুসলিম মৌলবাদীরা মুসলিম নারীদের ওপর এত জোর-জুলুম ও নির্যাতন চালাইয়া আসিতেছেন। যতদিন সংবিধানে মুসলিম ব্যাক্তিগত আইনের বিষবৃক্ষটি থাকিবে ইমরানাদের মিছিল ক্রমাগত দীর্ঘ হইতে দীর্ঘতর হইতে থাকিবে। সুতরাং সর্বাগ্রে প্রয়োজন সংবিধান হইতে ওই বিষবৃক্ষটি উৎপাটন করা। ১৯৫০ সালে বিষবৃক্ষের যে চারাটি রোপণ করা হইয়াছিল সেইটি এখন মহিরুহ। সেই মহিরুহটিকে নির্মূল করিবার দায় শুধু মুসলমানদের?

তাং— ১৩/০৭/০৫ দৈনিক স্টেটসম্যানের সৌজন্যে।

সংযোজন — ২

ধর্ষণ, নির্যাতন রুখতে মহিলাদেরই এগিয়ে আসতে হবে

সুলতানা ওয়াজেদা (পেশায় শিক্ষিকা)

উত্তরপ্রদেশের ইমরানা থেকে অসমের জ্যোৎস্না আরা, শ্বশুর কর্তৃক একই ধর্ষণের ও তজ্জনিত একইরকম ফতোয়ার শিকার হওয়ার কাহিনি। মাঝখানে দেখা দিয়েছে, বুলান্দশরের হুডোসি গ্রামের রানি যে তার শ্বশুর ইস্তিয়াকের দ্বারা ধর্ষিত হয়ে শ্বশুরবাড়ির চাপে পড়ে গত দুবছর পিত্রালয়ে নির্বাসিতের জীবনযাপন করছিল। ইমরানার সাহসী পদক্ষেপে অনুপ্রাণিত হয়ে সেও পুলিশকে অভিযোগ জানিয়েছে। এমনি কত রানি, ইমরানা ও জ্যোৎস্না অবস্থার চাপে চরমতম নির্যাতনের পরেও নীরবে নিভৃতে হারিয়ে যেতে বাধ্য হয়েছে।

ধর্ষিতা ইমরানার উপর ধর্মীয় ফতোয়া জারির ঘটনায় আজ উতলা দেশ, উতলা

গণমাধ্যমগুলি, উতলা বিভিন্ন 'পরমহিতৈষী' রাজনৈতিক নেতারা, যাঁরা যেকোনও ব্যক্তিগত 'দুর্ভাগ্যের' ঘটনাকে তড়িঘড়ি রাজনৈতিক আঙিনায় এনে রাজনীতির ঘোলাপাঁকে ফেলে নিজেদের স্বার্থান্বেষী ভোটব্যাঙ্কের খরিদ্দার জোগাড়ে ব্যস্ত।

পশ্চিম উত্তরপ্রদেশের মুজফ্‌ফরনগরের চরথাওল নামের এক অজ পাড়াগাঁয়ের ইমরানা বিবি (২৮)-কে ধর্ষণ করে তার শ্বশুর আলি মহম্মদ (৬৫)। পরিবারের সদস্যরা ঘটনা ধামাচাপা দিতে চেয়েছিল। কিন্তু পঞ্চায়েতের রায়, পাঁচ সন্তানের জননী ইমরানাকে স্বামী ছেড়ে শ্বশুরকে বিয়ে করতে হবে। শরিয়তে নাকি এরকমই বিধানই আছে। ইমরানা এ বিধান মানতে চাননি। তিনি ধর্ষক শ্বশুরের শাস্তি ও সুবিচার চেয়ে পুলিশের কাছে অভিযোগ করেন ও আবেদন করেন মুসলিমদের সর্বোচ্চ আদালতে। এই আদালত দারুল উলম দেওবন্দ রায় দেয়, স্বামীর সঙ্গে বিবাহবিচ্ছেদ করে বিয়ে করতে হবে অপরাধী শ্বশুরকেই ও স্বামীকে পুত্ররূপে গণ্য করতে হবে। দারুল উলুমের এই বিধানকে সমর্থন জানিয়েছে অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ড। ল'বোর্ডের প্রেসিডেন্ট সৈয়ত মহম্মদরাবে আল হাসানি নাদভী এই ফতোয়া ধর্মীয় বিধানমোতাবেক বলে স্বীকার করলেও অভিযুক্ত ব্যক্তি অর্থাৎ ইমরানার শ্বশুরের সাজা দাবি করেন। তিনি বলেন, "শরিয়াতে ধর্ষণ হত্যার সমান অপরাধ।" আমরা আরও জানি, ধর্ষণকারীর শাস্তি, তাকে বুক পর্যন্ত সমাধিস্থ করে পাথর ছুঁড়ে মারা। এই উলেমা ও খলিফা প্রণীত শরিয়তের এক বিধান। অথচ ফতোয়াবাজরা ধর্ষণকারীকে শাস্তি দেওয়ার পরিবর্তে ধর্ষিতার যন্ত্রণাকেই আরও তীব্র করছে। প্রত্যেক ধর্মেই নারীকে হেয় ও ছোট করার প্রবণতা আছে এবং ধর্মের ফতোয়া জারি করে নারীকে নিপীড়ন করা হয়। তাইতো প্রতিবেশী বা প্রতিবেশিনীদের চোখে আজ ইমরানা 'নষ্ট মেয়েছেলে', 'স্বভাবচরিত্র' ভাল নয়। ইমরানার এই জেলাতে নির্মম ও নিষ্ঠুর আরও অনেক সম্প্রদায়গত বা গোষ্ঠীগত সমাজবিধান আছে যার বলি দরিদ্র, সাধারণ ধর্মভীরু অশিক্ষিত মানুষজন। পুলিশ-পঞ্চায়েত ও ধর্মগুরুরা 'একসূত্রে কাঁদিয়াছে প্রাণ' সামন্ততান্ত্রিক প্রথাকে বলবৎ রাখতে। রাজস্থান ও মধ্যপ্রদেশের 'বাল্যবিবাহ' প্রথা ভারতীয় সাধারণ আইন অনুসারে না হয়ে চিরাচরিত সামাজিক 'বিধির বিধানে' চলছে। এইসব আমাদের পশ্চাদপসরণের নমুনা।

ক'জন পাকিস্তানের মুখতারণ বিবি পাবো, ক'জন তসলিমা নাসরিন পাবো, ক'জন ফুলনদেবী পাবো যাঁরা গোষ্ঠী বা সম্প্রদায়ের মুরুব্বিদের কাছে মাথা নোয়াননি, যাঁরা উচ্চবর্গেনিষ্ঠুরতার যোগ্য প্রত্যুত্তর দিয়েছেন বা যাঁরা মৌলবাদীদের ফতোয়ার হুমকিতে ঘর ছেড়েও নারীর স্বাধিকার রক্ষায় বলিপ্রদত্ত।

শরিয়তি আইন বা যে কোনও ধর্মীয় আইনই সমাজ ও যুগের পরিবর্তনের তালে তালে পরিবর্তিত, পরিবর্ধিত, পরিমার্জিত এবং সংশোধিত হওয়া প্রয়োজন। কোনও বিধানই একেবারে স্বতঃসিদ্ধ ও চিরন্তন হতে পারে না। সমাজের উত্থান-পতনের কষ্টি পাথরে তাকে পরীক্ষিত ও উন্নীত হতে হয়। না হলে প্রবাহের মুখ বন্ধ হয়ে সহস্র শৈবালদাম গলিত পূতিগন্ধময় ও বিষাক্ত এক ধর্মীয় পরিবেশ গড়ে তুলবে যেখানে মুক্তচিন্তা, মুক্তসংস্কৃতি ও মানবতা মাথা ঠুকে মরবে। 'মুসলিম ব্যক্তিগত আইন' সংশোধনের কথা বার বার ওঠে কিন্তু ওই পর্যন্তই। কোনও আইনই সংশোধিত হয় না তা রয়ে যায় আলোচনার পর্যায়েই। ১৯৮৬ সালে রাজীব গান্ধির আমলে বিবাহবিচ্ছেদের পরে খোরপোষ চেয়ে মামলা করেছিলেন শাহবানু। 'মুসলিম ব্যক্তিগত আইনে' এ ধরনের কোনও খোরপোষের কথা না থাকলেও

সুপ্রিম কোর্ট শাহবানুর পক্ষে রায় দেয়। কিন্তু তৎকালীন সরকার মুসলিম মহিলাদের জন্য অন্তবর্তীকালীন 'ইদ্দত'-এ খোরপোষের আইন চালু করেছিল। সরকার পাশ কাটিয়েছিলেন এই অজুহাতে ''গোষ্ঠীর ভিতর থেকে প্রতিবাদ'' না উঠলে সরকার নিজে কিছু করতে পারবে না।

দেরিতে হলেও; মুসলিম মহিলা পার্সোনাল ল' বোর্ড জেগে উঠেছে। ইমরানার উপর যে ফতোয়া জারি করা হয়েছে তার বিরুদ্ধে সোচ্চার। সংগঠনের সভানেত্রী শাঈস্তা আম্বের দেওবন্দের দারুল উলুমের জারি করা ওই ফতোয়া খারিজ করে বলেছেন, কোরান অনুযায়ী ইমরানা তাঁর স্বামীর জন্য হালাল হয়েছেন এবং তাঁর সম্পূর্ণ অধিকার আছে স্বামীর সঙ্গে থাকার। সারা ভারত গণতান্ত্রিক মহিলা সমিতির সাধারণ সম্পাদিকা সুধা সুন্দররমণ ইমরানার ঘটনা প্রসঙ্গে বলেন, জাতের মিল না থাকলে বিবাহিত দম্পতিকে জোর করে আলাদা করা এবং নিপীড়নের সিদ্ধান্ত নেওয়া হয় হিন্দু-অধ্যুষিত এলাকার জাতভিত্তিক 'খাপ পঞ্চায়েতে'। হরিয়ানার পারিবারিক সম্মানের নামে এই অত্যাচারের ঘটনার বিরুদ্ধে সরবও হয়েছে সংগঠন। জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন গিরিজা ব্যাস ইমরানাকে সামাজিক ও আর্থিক সুনিশ্চিয়তা প্রদানের সবরকম আশ্বাস দেন ও মানবিক দৃষ্টিভঙ্গির সঙ্গে ব্যাপারটিকে দেখতে বলেছেন। ইমরানার উপর যে জঘন্য, নারকীয় ও বর্বরোচিত ধর্মীয় ফতোয়া জারি করেছে দারুল উলুম তা অযৌক্তিক ও সর্বোতভাবে অবাস্তব এক মধ্যযুগীয় বিধি যা 'মুসলিম ব্যক্তিগত আইনে এখনও স্থান করে রয়েছে। এই আইনটি অবিলম্বে বিলোপ করার জন্য 'অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল' বোর্ডকে কড়া ও আশু সিদ্ধান্ত নিতে হবে, নতুবা 'গোষ্ঠীর ভিতরে'র প্রতিবাদী কণ্ঠরোধ হতে হতে ফতোয়াবাজদের বজ্র-নিনাদে আমাদের আঁতকে উঠতে হবে। শুভবুদ্ধিসম্পন্ন সচেতন মানুষের অভাব নেই মুসলিম সম্প্রদায়ের মধ্যে। তাঁরা উঠুন, জাগুন। উপমহাদেশগুলিতে এই যে সম্প্রদায়গত বা গোষ্ঠীগত আইনের কবলে পড়ে কত নারী নিগৃহীতা হচ্ছেন তার বিরুদ্ধে সোচ্চার হোন। নারীর অগ্রগতি বা কল্যাণ ব্যতিরেকে সমাজ উন্নয়ন সম্ভব নয়। প্রবহমানতাই জীবন। অচল আবর্জনার সংস্কার করে স্বচ্ছ স্বাভাবিক ও সুষ্ঠু সমাজ গড়ে তুলি। ইমরানার 'অভিযুক্তের' শাস্তি হোক শরিয়তি আইনে নয়, দেশের সাধারণ আইন অনুযায়ী। তাছাড়া নারীদের সমস্যা সমাধানে নারীদেরই এগিয়ে আসতে হবে। অধিকার কেউ কাউকে দেয় না ছিনিয়ে নিতে হয়। বহুযুগের পরুষতান্ত্রিক সমাজ কাঠামোর রন্ধ্রে রন্ধ্রে যেখানে নারী অবদমনের নীতি প্রণয়ন করা আছে সেখানে সর্বাগ্রে প্রয়োজন আপমর নারীদের অধিকারবোধ গড়ে তোলা। তাই আসে শিক্ষার প্রশ্ন। মুসলিম মহিলাদের মধ্যে শিক্ষার প্রসার ঘটাতে হবে, কেননা শিক্ষা আনে চেতনা এবং চেতনা ঘটায় বিপ্লব। শিক্ষাই এখন মুসলিম মহিলাদের জন্য সর্বাগ্রে প্রয়োজন।

তাং— ১৩/০৭/০৫ দৈনিক স্টেটসম্যানের সৌজন্যে।

সংযোজন — ৩

এ আমাদের সবার জয়

তসলিমা নাসরিন

দ্বি-খণ্ডিত নিষিদ্ধ হয়েছিল পশ্চিমবঙ্গে। নিষিদ্ধ করেছিল পশ্চিমবঙ্গ সরকার। নিষেধাজ্ঞার বিরুদ্ধে মামলা হল, দীর্ঘদিন সেই মামলার শুনানি চলার পর কলকাতার উচ্চ-আদালত সরকারি নিষেধাজ্ঞার বিরুদ্ধে রায় দিয়েছে। আমরা যারা গণতন্ত্রে বিশ্বাস করি, মুক্তচিন্তায় এবং মত প্রকাশের স্বাধীনতায় বিশ্বাস করি, আমাদের কাছে এ খুব গুরুত্বপূর্ণ একটি ঘটনা। পৃথিবীর সর্ববৃহৎ গণতান্ত্রিক রাষ্ট্র ভারত। এই রাষ্ট্রই যদি গণতন্ত্রের প্রধান শর্তগুলো রক্ষা না করতে পারে, তবে এ লজ্জা ভারতের, এ লজ্জা সকল ভারতবাসীর।

আমি যখন আদালত কক্ষে রায় শুনছি, যখন আদালত কক্ষের বাইরে রায়ের প্রতিক্রিয়া জানাচ্ছি, লক্ষ করেছি, তীব্র কোনও উচ্ছ্বাস আমার ভিতর ছিল না। আশেপাশের অনেকে বেশ বিস্মিত দৃষ্টি নিয়েই আমার শান্ত-প্রশান্ত মুখ আর যে কোনও দিনের মতই অচঞ্চল আচরণ দেখছিল। একটি গণতান্ত্রিক রাষ্ট্রে গণতন্ত্রের পক্ষে রায় আমার কাছে খুব স্বাভাবিক একটি ব্যাপার বলে মনে হচ্ছিল বলেই সম্ভবত কোনও উত্তেজনা দেখা দেয়নি। এ রায় তো প্রত্যাশিত। আমার ভিতরে ভীষণ অস্থিরতা আমি লক্ষ্য করেছিলাম যখন দ্বিখণ্ডিত নিষিদ্ধ হওয়ার খবর পেয়েছিলাম। সেই খবরটি ছিল অপ্রত্যাশিত। শুধু অপ্রত্যাশিত বললে ভুল বলা হয়, ছিল অকল্পনীয়। সেই খবরটি আমাকে উৎকণ্ঠা আর উদ্বেগে কাঁপিয়েছিল, দুশ্চিন্তা আর দুর্ভাবনার জলে রেখেছিল নিশ্চিতই নিমজ্জিত। বামপন্থীরা যে ধর্মীয় মৌলবাদীর মত আচরণ করতে পারে, বই নিষিদ্ধ করার মত ভয়ঙ্কর দুর্ঘটনা ঘটাতে পারে, তা আমার ধারণা বা বিশ্বাসের বাইরেই শুধু নয়, উদ্ভট আর অসম্ভব কিছু কল্পনা করা আমার পক্ষে যদি সম্ভব হয়, তার মধ্যেও তা পড়ে না। এরপর, আমি বাকরুদ্ধ বসেছিলাম, যখন অনেকের লেখা থেকে জেনেছিলাম যে, এ রাজ্যের বামপন্থীরা মুসলমানের ভোট পাবার জন্য কিছু মৌলবাদীকে—যেন ওই মৌলবাদীরাই গোটা মুসলমান সম্প্রদায়ের প্রতিনিধি—তুষ্ট করে চলে। এই যদি চিত্রটি হয়, তবে বলতে বাধ্য হচ্ছি মুসলমানের সত্যিকার বন্ধু তারা নয়। কোনও সমাজের মৌলবাদকে প্রশ্রয় দিয়ে সেই সমাজের সত্যিকার উন্নতি করা যায় না। ইসলামকে আদরে আহ্লাদে টিকিয়ে রাখলে সবচেয়ে বেশি সর্বনাশ হয় মুসলমানদের। ইসলামের শত্রু যদি কেউ থাকে, তবেই চাইবে এটিকে দুধ কলা দিয়ে বড় করতে। ইসলাম যতটা মুসলমানের ক্ষতি করে, ততটা অন্য কোনও জাতিকে বা ধর্মকে করে না। মুসলমানের রাষ্ট্রে সমাজে সম্প্রদায়ে গোষ্ঠীতে যদি ইসলাম সম্পর্কে প্রশ্ন, দ্বিধা, সংশয় না থাকে, যদি অন্ধত্বই আর অজ্ঞানতাই দখল করে থাকে এর সবটুকু আঙিনা, তবে এ মানুষেরই ক্ষতি, যে মানুষ কেবল জন্মসূত্রে মুসলমান হিসেবে চিহ্নিত হয়েছে, কোনও সুযোগ পায়নি চিন্তাকে প্রসারিত করার, চেতনাকে উন্মুক্ত করার, বিবেককে শাণিত করার এবং অযুক্তিকে বা ধর্মকে বর্জন করার।

মুসলমানদের মঙ্গল যদি কেউ সত্যিকারের চায়, আমি নিশ্চিত, তাকে আর যা কিছুই হওয়ার পরামর্শ দিক, ধার্মিক হওয়ার পরামর্শ দেবে না। আর যে আইনই মেনে চলতে

বলুক ধর্মীয় আইন মেনে চলতে বলবে না। মুসলমানের এক রত্তি ভালো যদি কেউ চায়, তবে আর যাকেই করুক, কোনও মুসলমানকে সে সহায়তা করবে না চৌদ্দশ বছর আগে জন্ম হওয়া ইসলাম নামের একটি ধর্মকে টিকিয়ে রাখার জন্য এবং এটিকে যথাযথ পালন করার জন্য, যে পালনে নারীর সর্বনাশ হয়, যে পালনে অবিজ্ঞানের বৃদ্ধি হয়, যে পালনে মানবতার মান যায়। মুসলমানের ধর্মীয় অনুভূতিতে আঘাত যেন না লাগে এ ব্যাপারে এ রাজ্যে মুসলমানদের চেয়েও বেশি সচেতন হয়ে উঠেছিলেন নাস্তিক আখ্যায়িত কিছু অমুসলমান। সত্যিকার নাস্তিক হলে, আমি বুঝে পাই না, কেন তাঁরা সবরকম ধর্মের আগ্রাসন থেকে মানুষকে মুক্ত করার চেষ্টা করেন না, কেন ধর্মীয় অনুভূতিকে জিইয়ে রাখতে চান, কেন এই অনুভূতিকে ভিন্ন মতে সহিষ্ণু করার, যুক্তিবুদ্ধিতে বলিষ্ঠ করার কোনও উদ্যোগ তাঁরা নেন না?

প্রশ্ন অনেক। প্রশ্নগুলো নিয়ে যখন অসহায় বসে থাকি, এদিক ওদিক থেকে উত্তর মেলে, সবই নাকি ভোটের জন্য। কেবল ভোটের জন্য গোটা সমাজের গোটা জাতির এমন সর্বনাশ কেউ করতে পারে? যদি পারে,তবে কি তাঁদের নির্দ্বিধায় বলতে পারি তাঁরা মানবতায় বিশ্বাসী, সমতায় এবং সাম্যে বিশ্বাসী?

দীর্ঘ দু'বছরের বন্দিত্ব থেকে দ্বিখন্ডিত আজ মুক্ত। দ্বিখন্ডিত ছোট একটি বই। এর লেখক তসলিমা ছোট একটি মানুষ। আপাতদৃষ্টিতে আদালতের রায় একটি ছোট তসলিমার ততোধিক ছোট দ্বিখন্ডিতকে মুক্ত করেছে বটে, আসলে কিন্তু কোটি কোটি মানুষকে মুক্ত করেছে পরাধীনতা থেকে। এ তসলিমার বাকস্বাধীনতার পক্ষে রায় নয়। এ তার একার কোনও ঘটনা নয়। এ ভারতবর্ষের একশ কোটি মানুষের বাকস্বাধীনতার পক্ষে রায়। আদালতের এই রায় একটি ছোট তসলিমা থেকে, তার *দ্বিখন্ডিত* নামের ছোট একটি বই থেকে অনেক বড়। অনেক মূল্যবান। এই রায় মানুষের কথা বলার অধিকারের পক্ষে রায়। মানবাধিকারের পক্ষে রায়।

আমাদের মত, সে যত ভিন্নই হোক, আমাদের যদি কথা বলতে না দেওয়া হয় এবং এর প্রতিবাদ যদি আমরা না করি, তবে হয়ত দেখতে হবে আমরা আর কথা বলছি না, আমরা বোবা হয়ে গেছি, কথা বলতে চাইলেও আমরা আর পারছি না। আমরা আর মানুষ নেই। পুতুলে পরিণত হয়েছি। এই আমরা কারা? আমি আপনি সে তুমি ওরা তারা সকলে। এর মধ্যে প্রগতিশীল আছে। মৌলবাদী আছে। ভালো আছে মন্দ আছে। সকলেরই কথা বলার অধিকার থাকুক। গণতন্ত্র থাকুক। কিন্তু কারও কণ্ঠ রোধ করে গণতন্ত্রকে হত্যা করার অধিকার কারও যেন না থাকে। সে যত জনপ্রিয় নেতা হোক, ভোটে জেতা শাসকই হোক।

জয় হল। এ আমাদের সবার জয়। এই জয়কে বাঁচিয়ে রাখতে হবে। জয়কে বাঁচিয়ে রাখতে হলে আর যেন এ রাজ্যে একটি বইকেও, একটি মতকেও, সে যত সামান্য হোক, নিষিদ্ধ না করা হয়। যদি ভালো না লাগে, নিন্দা কর, নিষিদ্ধ কোর না। কারও মানবাধিকারে, কারও মত প্রকাশের স্বাধীনতায় থুতু ছিটিয়ে, তুমি, সে যত বড় কবিই হও না কেন, যত বড় মাতব্বর, মস্তান বা লাটসাহেব হও না কেন, তুমি তোমাকেই ক্ষুদ্র কর।

তাং— ২৫/০৯/০৫ দৈনিক স্টেটসম্যানের সৌজন্যে।

সংযোজন — ৪

দুই মেয়েকে ধর্ষণ বাবার দশ বছর জেল

লখনউ, ১অক্টোবর ঃ নিজের দুই মেয়েকে একাধিক বার ধর্ষণ করার অপরাধে এক ব্যক্তির ১০ বছর কারাদন্ড হয়েছে। মহম্মদ হাশিম নামে ওই ব্যক্তির স্ত্রী চান, তাঁর স্বামীর হয় ফাঁসি হোক নয়তো যাবজ্জীবন জেল হোক। তাই শাস্তি বাড়ানোর জন্য আদালতে আর্জি জানাবেন তিনি। মহম্মদ হাশিম টানা তিন বছর ধরে তার দুই মেয়েকে ধর্ষণ করেছে। ভয়ে মেয়েরা কেউ বাবার অত্যাচারের বিরুদ্ধে মুখ খুলতে পারেননি। বড় মেয়ের তিনটি পুত্রসন্তানও হয়েছে। একটি সন্তান হয়েছে ১৬ বছর বয়সী ছোট মেয়েটিরও। পরিবারের সবাই সব জানলেও হাশিমের অপরাধের কথা প্রকাশ করার সাহস ছিল না কারোরই। সহ্য করতে না পেরে গত বছরের ফেব্রুয়ারিতে বাড়ি থেকে পালিয়ে গিয়ে পুলিশের কাছে সব কথা ফাঁস করে দেয় হাশিমের ছোট মেয়ে। কিন্তু হাশিমকে সহজে পুলিশ গ্রেফতার করতে পারেনি। ওই ব্যক্তি তার মেয়েদের বিরুদ্ধে পাল্টা অভিযোগ এনে বলেছে, বসত বাড়িটি দখল করে নিতে চায় বলেই তার মেয়েরা ওই অভিযোগ এনেছে। কিন্তু ডিএনএ পরীক্ষায় মেয়েদের অভিযোগ প্রমাণিত হয়। গ্রেফতার হয় ধর্ষক বাবা। অভাবী সংসারে ঠাঁই মেলেনি শিশুগুলির। তাদের অনাথ আশ্রমে পাঠিয়ে দেওয়া হয়েছে।

তাং— ০১/১০/০৫ আনন্দবাজারের সৌজন্যে।

ইসলাম সম্বন্ধে কিছু মনীষীর মন্তব্য

রবীন্দ্রনাথ ঠাকুর

"পৃথিবীতে দুটি ধর্ম সম্প্রদায় আছে, অন্য সমস্ত ধর্মমতের সঙ্গে যাদের বিরুদ্ধতা অত্যুগ্র—সে হচ্ছে খ্রিস্টান আর মুসলমান ধর্ম। তারা নিজের ধর্ম পালন করেই সন্তুষ্ট নয়, অন্য ধর্মকে সংহার করতে উদ্যত। এজন্য তাদের ধর্ম গ্রহণ করা ছাড়া তাদের সঙ্গে মেলবার অন্য উপায় নেই।"

রবীন্দ্রনাথ ঠাকুর, ৭ আষাঢ়, ১৩২৯ বঙ্গাব্দ; কালিদাস নাগকে লিখিত পত্র, কালান্তর, বিশ্বভারতী, ২৪ খণ্ড, পৃষ্ঠা ৩৭৫, ১৯৮২।

স্বামী বিবেকানন্দ

"এ বিষয়ে মুসলমানরা অত্যন্ত স্থূলদৃষ্টি সম্পন্ন এবং সাম্প্রদায়িক মনোভাবাপন্ন। তাদের সিদ্ধবাক্য শুধু একটিই, লা-ইলাহা ইল্লাল্লাহ মহম্মদুর রসুলুল্লাহ্।' অর্থাৎ ঈশ্বর মাত্র একজনই এবং মহম্মদ তাঁর রসুল (প্রতিনিধি)। এই সিদ্ধ বাক্যের বাইরে আর যা কিছু আছে সবই নিকৃষ্ট বস্তু এবং অবিলম্বে সেগুলিকে ধ্বংস করে ফেলতে হবে—এই হল মুসলমানদের কথা। এ কথায় যে বিশ্বাস করে না, সে পুরুষই হোক কিংবা নারীই হোক, মুহূর্তের হুঁশিয়ারি দিয়েই তাকে হত্যা করা হবে; যা কিছু এই উপাসনা পদ্ধতির অন্তর্গত নয় তাকে মুহূর্তের মধ্যে ধ্বংস করতে হবে এবং এই বিশ্বাসের সাথে মিলছে না এমন যত গ্রন্থ আছে সেগুলিকে দগ্ধ করতে হবে। প্রশান্ত মহাসাগর থেকে শুরু করে অতলান্তিক মহাসাগর পর্যন্ত পাঁচশত বর্ষব্যাপী পৃথিবীর বুকে এই এক কারণে রক্তের বন্য বয়ে গিয়েছে। এই হল ইসলাম।"

(ক্যালিফোর্ণিয়ার প্যাসাডোনার সেক্সপীয়র ক্লাবে ৩ ফেব্রুয়ারী, ১৯০০ সালে প্রদত্ত ভাষণের রামকৃষ্ণমিশন স্বীকৃত বঙ্গানুবাদ, মূল ভাষণটি 'টিচার্স অব দ্য ওয়ার্ল্ড' নামে অদ্বৈত আশ্রম প্রকাশিত মায়াবতী সংস্করণের চতুর্থ খণ্ডের ১২৬ পৃষ্ঠায় পাবেন।)

বি. আর. আম্বেদকর

"ইসলামের ভ্রাতৃত্ব মোটেই বিশ্বভ্রাতৃত্ব নয়, এটা কেবলমাত্র মুসলমানদের জন্যই, যারা মুসলমান তারাই কেবল এর সুযোগ পাবে, কিন্তু অমুসলমানরা পাবে কেবল শত্রুতা।"

(ডাঃ বাবা সাহেব ভীমরাও আম্বেদকর, 'পাকিস্তান অর দ্য পার্টিশন অফ ইন্ডিয়া', মহারাষ্ট্র সরকার প্রকাশিত তৃতীয় সংস্করণ, পৃ. ৩৩০।)

"যেখানেই ইসলামিক শাসন রয়েছে সেটাই মুসলমানের নিজের দেশ। বস্তুত ইসলাম একজন প্রকৃত মুসলমানকে কখনওই ভারতকে তার নিজের দেশ বলে মেনে নিতে দেবে না বা হিন্দুদেরকে তার আত্মীয় বলে স্বীকার করতে দিতে পারে না।"

(পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ৩৩০-৩৩১)

"মুসলিম লিগের সাম্প্রদায়িক মুসলমান এবং তথাকথিত জাতীয়তাবাদী মুসলমানদের মধ্যে সত্যি কোনো পার্থক্য আছে কিনা তা বোঝা দুস্কর। তথাকথিত জাতীয়তাবাদী মুসলমানদের ভাবাবেগ, লক্ষ্য এবং নীতিসমূহ আদৌ কংগ্রেসের সাথে মেলে কিনা বা মুসলিম লিগের থেকে তাদের আলাদা করে দেওয়ার কারণ আছে কিনা তা ঘোর সন্দেহের বিষয়।" (পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ৪০৮)

"ভারতে মুসলমানরা চারিদিকে ছড়িয়ে রয়েছে, যদিও শহরগুলিতেই তাদের সংখ্যা বেশী। (পাকিস্তান সৃষ্টির জন্য) ভারতকে যেভাবেই ভাগ করা হোক না কেন কোনোভাবেই বিশুদ্ধ (হিন্দু বা মুসলমান) এলাকা গঠন করা সম্ভব নয়। একমাত্র হিন্দু-মুসলমান সংখ্যালঘু লোক বিনিময় করা হলেই তা সম্ভব। যতক্ষণ না তা করা হচ্ছে, পাকিস্তান সৃষ্টি হলেও সংখ্যাগুরু-সংখ্যালঘু সমস্যা হিন্দুস্থানে পূর্বের মতোই থেকে যাবে এবং হিন্দুস্থানে ক্রমাগত জাতি-রাজনীতিগত বিরোধ হতেই থাকবে।

(পূর্বোক্ত গ্রন্থ পৃ. ১১৭)

"এতে সন্দেহমাত্র নেই যে (ভারত ও পাকিস্তানের মধ্যে) সংখ্যালঘু বিনিময় করাই সাম্প্রদায়িক শান্তি বজায় রাখার একমাত্র সমাধান।"

(পূর্বোক্ত গ্রন্থ, পৃ. ১১৬)

মনে রাখতে হবে একথা বলছেন বাবাসাহেব আম্বেদকর, কোনও হিন্দুত্ববাদী নয়। আম্বেদকর ছিলেন প্রধান সংবিধান রচয়িতা এবং কংগ্রেস সরকারে কেন্দ্রীয় মন্ত্রী এবং একজন বৌদ্ধ।

মোহনদাস করমচাঁদ গান্ধী

"জাতীয় স্বাধীনতা আন্দোলনে মুসলমানরা কোনো আগ্রহ দেখায়নি—মুসলমানদের বিরুদ্ধে এই অভিযোগ সত্য। তারা ভারতকে নিজের দেশ বলে মনে করে না।"

(পৃথিবী বিখ্যাত মুসলিম-প্রেমিক মোহনদাস করমচাঁদ গান্ধী একথা বলেছেন ২৯ এপ্রিল ১৯২৫ সালের ইয়ং ইন্ডিয়া পত্রিকায়।)

স্যার উইলিয়াম মুর

হজরত মহম্মদের নিরপেক্ষ জীবনীকার ও বিশ্ববিখ্যাত ঐতিহাসিক স্যার উইলিয়াম মুর বলেছেন—

"কোরান ও ইসলামের তরবারি মানবসভ্যতা, স্বাধীনতা ও সত্যের সবচেয়ে বড়ো শত্রু, যা আজ পর্যন্ত মানুষ দেখেছে।"

('দ্য লাইফ অফ মহম্মদ', স্যার উইলিয়াম মুর, ভয়েস অব ইন্ডিয়া, দিল্লী, ১৯৯২, পৃ. ৫২২।)

আনোয়ার শেখ

ইংল্যান্ড প্রবাসী, বিখ্যাত ইসলামিক পণ্ডিত আনোয়ার শেখ লিখেছেন—

'ইসলাম এমন একটা ধর্মবিশ্বাস যা সমস্ত মানবজাতিকে দুটি চির বিবদমান জাতিগোষ্ঠিতে ভাগ করে দিয়েছে। একদল যারা আল্লাহ্ ও মহম্মদকে বিশ্বাস করে, অর্থাৎ আল্লাহ্র দল, মুসলমানরা—আর এক দল হল শয়তানের দল অর্থাৎ সব অমুসলমানরা। অমুসলমানদের পৃথিবী থেকে নিশ্চিহ্ন করে ফেলাটা ইসলামে এতই জরুরী যে ইসলাম তার অনুগামীদের অর্থাৎ মুসলমানদের এর জন্য অমুসলমানদের হত্যা, লুণ্ঠন ও অমুসলমান নারী অপহরণকেই সর্বাপেক্ষা বড় ধর্মীয় কর্তব্য বলে শিখিয়েছে; এসবই ইসলামে 'জেহাদ' নামে পরিচিত এবং এসব কুকর্ম করেই কেবল মুসলমানরা স্বর্গে যাওয়া নিশ্চিত করতে পারে।"

('ইসলাম অ্যান্ড ইউম্যান রাইট্স্', আনোয়ার শেখ, লন্ডন, পৃ. ৩৭।)

রাজা রামমোহন রায়

আধুনিক ভারতের জনক এবং সবরকম সংস্কারমুক্ত মনের অধিকারী রাজা রামমোহন রায় বলেছেন :

"ওইসব দৈবী (হিন্দু ধর্মীয়) নির্দেশে আস্থা রাখার জন্য ইসলামধর্মীরা ব্রাহ্মণ জাতির (হিন্দুর) অনেক ক্ষতি করেছে, ও তাদের উপর অনেক নির্যাতন করেছে, এমনকি মৃত্যুভয়ও দেখিয়েছে, তবু তারা (হিন্দুরা) ধর্ম পরিত্যাগ করতে পারেনি। ইসলামানুবর্তীরা কোরানের পবিত্র শ্লোকের মর্মানুসারে (যথা—পৌত্তলিকদের যেখানে পাও বধ কর ও অবিশ্বাসীদের ধর্মযুদ্ধ (জেহাদ) করে বেঁধে আন এবং তাদের কাছ থেকে অর্থ নিয়ে মুক্ত করে দাও বা বশ্যতা স্বীকার করাও) এগুলি ঈশ্বরের (আল্লার) নির্দেশ বলে উল্লেখ করে, এবং পৌত্তলিকদের (হিন্দুদের) বধ করা ও তাদের নানাভাবে নির্যাতন করা ঈশ্বরাদেশে অবশ্য কর্তব্য মনে করে। মুসলমানদের মতে ওই পৌত্তলিকদের মধ্যে ব্রাহ্মণেরাই সবচেয়ে পৌত্তলিক (ঘৃণ্য)। সেইজন্যই ইসলামানুবর্তীরা সর্বদাই ধর্মোন্মাদে

মত্ত হয় এবং তাদের আল্লার আদেশ মানবার উৎসাহে ''বহু দেবদেবাদিদের'' (অর্থাৎ হিন্দুদের) মন্দির তারা ধ্বংস করেছে ও শেষ পয়গম্বরের (মহম্মদের) ধর্ম প্রচারে ''অবিশ্বাসীদের'' (অমুসলমানদের) বধ করতে ত্রুটি করেনি।''

১৮০৪ সালে ফারসী ভাষায় রাজা রামমোহন রায় লিখিত তুহ্‌ফত্-উল-মওয়া হিদ্দিন অর্থাৎ 'একেশ্বরবাদীদেরকে উপহার' নামক গ্রন্থের শ্রী জ্যোতিরিন্দ্রনাথ দাম কৃত বঙ্গানুবাদের ১৯৪৯ সালে প্রকাশিত প্রবন্ধের 'ব্রাহ্মণ্যধর্ম ও ইসলাম' নামক অনুচ্ছেদ থেকে সংগৃহীত। হরফ প্রকাশনীর ১৯৭৩ সালে প্রকাশিত অখণ্ড রামমোহন রচনাবলীর ৭২৬-৭২৭ পৃষ্ঠা।

রোনাল্ড রেগন

আমেরিকার প্রাক্তন রাষ্ট্রপতি রোনাল্ড রেগন বলেছেন :

''সম্প্রতি আমরা একটা ধর্মযুদ্ধের সম্ভাবনা দেখছি, আক্ষরিক অর্থেই—কারণ মুসলমানরা তাদের জেহাদের মূল ধারণাতে ফিরে আসছে যে খ্রিস্টান ও ইহুদিদের বিরুদ্ধে যুদ্ধ করে প্রাণ দেওয়াটাই তাদের স্বর্গে যাওয়ার উপায়।''

১৭ নভেম্বর, ১৯৮০ সালের টাইম পত্রিকার ৩৭ পৃষ্ঠায় 'অ্যান ইনটারভিউ উইথ রোনাল্ড রেগন;

মার্গারেট থ্যাচার

ইংলন্ডের প্রাক্তন প্রধানমন্ত্রী (১৯৭৯-১৯৯০) লৌহমানবী মার্গারেট থ্যাচার বলেছেন, (বঙ্গানুবাদ) :

''আজকের দিনে বলশেভিজম-এর মতো চরমপন্থী ইসলামও একটা সশস্ত্র মতবাদ। এটা একটা আক্রমণাত্মক ধর্মতত্ত্ব যা সশস্ত্র, ধর্মান্ধ অনুগামীদের দ্বারা প্রসার লাভ করছে। **কমিউনিজিমের মতো এটাকে দমন করার জন্যও সর্বাত্মক, দীর্ঘমেয়াদি রণনীতি প্রয়োজন।**''

ফেব্রুয়ারি ১২, ২০০২ তারিখের 'দ্য গার্ডিয়ান' পত্রিকায় মার্গারেট থ্যাচারের লেখা 'ইসলাম ইজ দ্য নিউ বলশেভিজম' প্রবন্ধ।

উইলিয়াম গ্ল্যাডস্টোন

ইংলন্ডের প্রাক্তন প্রধানমন্ত্রী উইলিয়াম গ্ল্যাডস্টোন বলেছিলেন:

''যতদিন কোরান আছে ততদিন পৃথিবীতে শান্তি নেই।''

১৪০৯ শকাব্দের শ্রাবণ সংখ্যা বিশ্ব হিন্দুবার্তার ১৭ পৃষ্ঠা

নীরদচন্দ্র চৌধুরী

বিখ্যাত মনীষী ও চিন্তানায়ক নীরদচন্দ্র চৌধুরী বলেছেন :

"মুসলিম ধর্মবিশ্বাসের বিধান অনুযায়ী মুসলমানও তেমনই সকল মুসলমানকে আপন ও সকল হিন্দুকে পর মনে করিতে বাধ্য। বরঞ্চ মুসলমান সমাজের আভ্যন্তরীণ সাম্য ও ভ্রাতৃভাবের জন্য অমুসলমান সম্বন্ধে তাঁহারা আরও বেশি সজ্ঞান। মুসলমান ধর্মশাস্ত্রের নির্দেশমতো মুসলিমমাত্রেরই নিকট পৃথিবী দুইভাগে বিভক্ত—১. দার-আল্-ইসলাম ২-দার-অল্-হরব্। দার-আল্-ইসলামের অর্থ ইসলামের দেশ, অর্থাৎ যে দেশে মুসলমান ধর্মাবলম্বী শাসক কর্তৃক অধিকৃত ও শাসিত। দার-অল্-হারবের অর্থ যুদ্ধের দেশ, যে দেশে যুদ্ধ করিয়া ইসলামের প্রাধান্য স্থাপন করিতে হইবে। ইসলামের বিধান অনুসারে কোন মুসলমান অমুসলমানের অধীন থাকতে পারে না। শুধু তাই নয়, অমুসলমান জগত ও মুসলমান জগতের মধ্যে চিরন্তন বিরোধ। এইজন্যই অমুসলমান জগতের নামকরণ হইয়াছে দার-অল্-হারব্, যুদ্ধের দেশ। এই নিদের্শের জন্য অমুসলমান ও মুসলমান রাজ্যের মধ্যে কোনো মৈত্রী হইতে পারে না; যতদিন পর্যন্ত না দার-অল্-হারব্ দার-অল্-ইসলামে পরিণত হইবে—ততদিন পর্যন্ত বিশ্বাসী মুসলমানমাত্রকেই জিহাদ বা ধর্মযুদ্ধ চালাইতে হইবে। জিহাদের নিয়ম অনুযায়ী অবিশ্বাসীকে হয় ১। মুসলমান হইতে হইবে, কিংবা ২। মুসলমানের প্রাধান্য স্বীকার করিয়া ও জিজিয়া দিতে স্বীকৃত হইয়া আশ্রিত (ধিম্মী) হইয়া থাকিতে হইবে, কিংবা ৩। যুদ্ধ করিতে হইবে। ইসলামের বিধান জানিলে এই তিন পথের এক পথ ভিন্ন মুসলমানের অমুসলমানের নিকট যাইবার চতুর্থ আর কোনো পথ নাই।"

নীরদচন্দ্র চৌধুরীর 'আমার দেশ আমার শতক' গ্রন্থের 'হিন্দু-মুসলমান বিরোধের গোড়ার কথা' প্রবন্ধ থেকে সংগৃহীত। ২০০০ সালে মিত্র ও ঘোষ পাবলিসার্স প্রা. লি. প্রকাশিত নীরদচন্দ্র চৌধুরী শতবার্ষিকী সংকলনের ৪৭০-৪৭১ পৃষ্ঠা।

শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

"যখন ধর্মের প্রতি মোহ তাহাদের (মুসলমানদের) কমিবে, তখন বুঝিবে—যে-কোনো ধর্মই হউক, তাহার গোঁড়ামি লইয়া গর্ব করিবার মতো এমন লজ্জাকর ব্যাপার, এতবড় বর্বরতা মানুষের আর দ্বিতীয় নাই। কিন্তু সে বুঝা'র এখনও অনেক বিলম্ব। জগৎশুদ্ধ লোক মিলিয়া মুসলমানের শিক্ষার ব্যবস্থা না করিলে ইহাদের কোনোদিন চোখ খুলিবে কিনা সন্দেহ।"

বর্তমান হিন্দু-মুসলিম সমস্যা, দৈনিক বসুমতি, ১৯ আশ্বিন, ১৩৩৩ প্রকাশিত।

গ্রন্থপঞ্জী

১। **কুরআন শরীফ** : মওলানা মোবারক করীম জওহর, ই-এস দেওবান্দ, এফ-এম কলিকাতা, এম. টি. এইচ. দিল্লী, আদীব-ই-মাহের আলিগড়, এফ-এ-লিট ইউ. পি. শিক্ষা বিভাগ। হরফ প্রকাশনী, ১২৬এ কলেজ স্ট্রীট মার্কেট, কলকাতা ৭০০ ০০৭; ১৪০২ বঙ্গাব্দ।

২। **আল্-কুরআনুল করীম** : সৈয়দ আশরাফ আলী, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা ১২০৭; ২০০২ খ্রী.।

৩। **তরজমা-এ-কুরআন মজীদ** : সাইয়েদ আবুল আলা মওদূদী, বাংলা ইসলামী প্রকাশনী ট্রাস্ট, ২৭বি লেনিন সরণী, কলকাতা-১৩; ১৯৮১ খ্রী.।

৪। **কুরআন শরীফ** : শাহ্নূর বঙ্গানুবাদ—মাওলানা মোহাম্মদ শাজাহান ও মাওলানা মোস্তাফিজুর রহমান অনুদিত, মূল আরবী ও উচ্চারণ সহ, ইউরেকা বুক এজেন্সী, ৫৬ কলেজ স্ট্রীট, কলকাতা ৭০০ ০৭৩।

৫। **কুরআন শরীফ** : ডক্টর ওসমান গনী, পি. এইচ. ডি., ডি. লিট. (কলি.), অধ্যাপক, কলিকাতা বিশ্ববিদ্যালয়, মল্লিক ব্রাদার্স, ৫৫ কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০ ০৭৩, ১৯৯১।

৬। **The Koran** : N. J. Dawood, Penguin Books, London, 2nd Edition, 1966.

৭। **The Holy Qur'aan** : Arabic-English Qur'aan, Muhammad Marmaduke Pickthall, New American Library, London, New York, Ontario ; 15th reprint.

৮। **The Holy Qur'aan** : English-Arabic Qur'aan, Abdullah Yusuf Ali, Atequa Publishing House, 1561, Kotana Street, Sui Walan, New Delhi-2, 1996.

৯। **The Translation of the Meanings of Sahih Al-Bukhari,** Arabic-English, Dr. Muhammad Mushin Khan, Islamic University, Madina Al-Munawwara, Kitab Bhawan, 1784, Kalan Mahal, Daryaganj, New Delhi-2; 1987.

১০। **The Translation of the Meanings of Sahih Al-Muslim,** Arabic-English, by the Same Publisher as above.

১১। **The life of Mohammet,** by Sir William Muir, first published in London in 1894, reprinted by Voice of India, Delhi, 992.

১২। **Mohammed and the rise of Islam** by D. S. Margoliuth, London, 1905.

১৩। **সীরাতুন নবী**, আল্লামা শিবলী নো'মানী, খায়রুন প্রকাশনী, বাংলাবাজার, ঢাকা-১১০০।

১৪। **আল-জিহাদ**, সাইয়েদ আবুল আ'লা মওদূদী, আধুনিক প্রকাশনী, ২৫ গিরিশদাস লেন, বাংলাবাজার, ঢাকা-১১০০; ১৯৯৯।

১৫। **ইসলামে জিহাদ**, মওলানা মহাম্মদ আবদুর রহীম, খায়রুন প্রকাশনী, বাংলাবাজার, ঢাকা-১১০০; ১৯৮৬।

১৬। **Islam and Dhimmitude**-Where civilizations collide by Bat Ye'or, Gazelle Book Service, Lancaster, U. K.

১৭। **Jihad-a Paramanent doctrine of Holy war,** by Suhas Majundar, Voice of India, Delhi.

১৮। 'The Guardian' London, Feb. 12, 2002

১৯। **Islam-sex and Violence,** Anwar Shaikh, U.K. 2001.

২০। **Islam–Arab Nationalist Movement,** by same author as above.

২১। **Islam–Arab Imperialistic Movement,** by same author as above.

২২। **Islam and Human Rights,** by same author as above.

২৩। **This is Jihad,** by same au r as above.

২৪। **'কালান্তর'**, রবীন্দ্রনাথ ঠাকুর, বিশ্বভা ী, কলিকাতা।

২৫। **'Pakistan or the Partition of India'** B.R. Amedkar, Govt. of Maharastra publication, 3rd Edition, 1946.

২৬। **Complete works of Swami Vivekananda,** Advaita Ashram, Mayavati Memorial Edition, 1990, Vol. 2,4,5

২৭। **'Young India'** 29.4.1925;

২৮। **Mishkatul Masabih,** Vol. 1-4, by Maulana Fazlul Karim, Islamic Book Service, 2241 Kucha Chelan, Daryaganj, New Delhi-11

২৯। **Calcutta Koran Petition** by Sitaram Goel, Voice of India, New Delhi.

৩০। **Jihad : The origin of Holywar in Islam,** R. Fire Stone, Oxford University Press, New York.

"স্বাধীনতার জন্য সংগ্রাম করে কেবল স্বাধীনতা অর্জন করাটাই যথেষ্ট নয় ; স্বাধীনতা বজায় রাখার জন্য ক্রমাগত নজরদারী প্রয়োজন। স্বাধীনতা রক্ষা করাটা একটা চিরন্তন ও চলমান প্রক্রিয়া। স্বাধীনতা অর্জনের পর যে জাতি আবার ঘুমিয়ে পড়ে, তার স্বাধীনতা বেশী দিন বজায় থাকে না। তাই স্বাধীনতা আবার হারাবার আগেই হিন্দুদের উচিত স্বাধীনতার জন্য সংগ্রাম শুরু করে দেওয়া, কারণ একবার স্বাধীনতা হারালে বিপ্লব করা অত্যন্ত কঠিন হয়ে পড়ে। কখনও কখনও কোনো কোনো জাতি দাসত্বে আবদ্ধ হয়ে পড়ে এবং শতাব্দীর পর শতাব্দী সেই দাসত্বের শৃঙ্খল থেকে বেড়িয়ে আসতে পারে না। ভারতবর্ষের হিন্দুদের ঠিক এটাই ঘটেছিল। মনে রাখবেন, বিদেশী শাসন যত বর্বর, নিষ্ঠুর ও অত্যাচারী হবে, তার স্থিতিকালও তত দীর্ঘ হবে। আজকের ক্রমবর্ধমান ইসলামিক জেহাদের ব্যাপারে হিন্দুরা যে মনের কথা খুলে বলতে পারছে না, আগামী সহস্রাব্দে হিন্দুদের ভয়াবহ দাসত্বের সেটাই প্রথম ধাপ।"

(অবধূত বজ্রমূর্তি : ১৯৯৯ সালের সেপ্টেম্বরে নিউইয়র্কের কুইন্সের মাঠে জনসভায় প্রদত্ত বক্তৃতার বঙ্গানুবাদ)।